# নীলফামারী পৌরসভা কার্যালয়
## নীলফামারী ।
## নগর সমন্বয় কমিটির (TLCC)'র এর ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণী
## অক্টোবর-ডিসেম্বর/২০১৮ খ্রিঃ

**সভাপতি ঃ জনাব দেওয়ান কামাল আহমেদ,মেয়র নীলফামারী পৌরসভা। সভার স্থান ঃ নীলফামারী পৌরসভা মিলনায়তন সভার তারিখ ঃ ২৪/১২/২০১৮খ্রিঃ সময় ঃ ১১.০০ ঘটিকা।**

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই সম্মানীত সদস্যবৃন্দের উপস্থিতিতে সভার কার্যাদি শুরু হয়। সভার প্রারম্ভে জনাব মোঃ খাইরুল ইসলাম পবিত্র কোরআন তেলাওয়াত করেন, পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব শ্রী দুলাল চন্দ্র রায়, বিলক্লাক, নীলফামারী পৌরসভা, নীলফামারী ।

সভাপতি মহোদয় সবাইকে নগর সমন্বয় কমিটি (TLCC)-এর সম্মানিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্য আরম্ভ করেন

সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ ফরিদ আহমেদ, ঠিকাদান সুপার ভাইজার নোটিশের আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্য শুরু করেন এবং নিম্নরূপ মতে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

### আলোচ্য সূচী - ১ ঃ বিগত সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন।

| বিগত সভার কার্য বিবরণী পাঠ | কার্য বিবরণী সঠিকভাবে লিখিত হওয়া বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| জনাব মোঃ মশিউর রহমান অত্র পৌরসভার সচিব গত ৩০/০৯/২০১৮ তারিখের সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শোনান। | কার্য-বিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়। | কোন সংশোধনী নেই | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। |

### আলোচ্য সূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

### ক্ষেত্র-১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ(Citizen Awareness and Participation)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | TLCC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০09 এর ১১৫ ধারা) | TLCC সম্মানিত সদস্য সচিব জনাব মোঃ মশিউর রহমান জানান যে, অত্র পৌরসভায় ২০১২সাল থেকে নিয়মিতভবে ত্রৈ-মাসিক ভিত্তিতে TLCC সভা যথাসময়ে অনুষ্ঠিত হয় এবং যথাসময়ে কার্যবিবরণী PMO-তে প্রেরণ করা হয়ে থাকে। ৩০/০৯/২০১৮ তারিখের সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং তা PMO-তেও প্রেরণ করা হয়েছে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব | |
| খ) | WC গঠন ও কার্যকর | WC সদস্য সচিব জনাব মোঃ তাজুল ইসলাম জানান ত্রৈ-মাসিক ভিত্তিতে গত ২৬/১১/২০১৮ | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | তারিখ হতে ০৬/১২/২০১৮ তারিখ পর্যন্ত ৯টি ওয়ার্ডের ৯টি WC সভা অনুষ্ঠিত হয়েছে । সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করে PMO-তে প্রেরণ করা হয়েছে। | | (সিভিল/পানি) | |
| গ) | নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | নাগরিক সনদ (সিটিজেন চার্টার) চুড়ান্তভাবে হালনাগাদ করে পৌর এলাকার ৫টি গুরুত্বপূর্ণ জনবহুল স্থান যেমন ডিসির মোড়, বড় বাজার, কেন্দ্রীয় বাস টার্মিনাল, হাসপাতাল সংলগ্ন উকিলের মোড়, এবং পৌরসভা চত্তরে স্থাপন করা হয়েছে। প্রদর্শিত নাগরিক সনদ অনুযায়ী পৌরসভার যাবতীয় সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ফলে পৌর নাগরিক সেবা গ্রহণ যেমন সহজতর হয়েছে তেমনি পৌরবাসীও সেবার মুল্য প্রদানে উৎসাহী হয়েছে। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে নাগরিক সনদ বিকৃত কিংবা নষ্ট হলে তাৎক্ষনিক ভাবে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ঘ) | তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | গত ১/১১/২০১২ ইং তারিখে পৌরসভা চত্বরে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। পৌরসভা সচিব জনাব মশিউর রহমান জানান অক্টোবর-ডিসেম্বর/১৮ইং মাসে ১৪ টি অভিযোগ পাওয়া গেছে। তন্মধ্যে ৭ টি অভিযোগ বাক্সে জমা হয়েছে এবং ৭টি অভিযোগ পৌরসভার বিভিন্ন ওয়ার্ড থেকে মুটোফোনের মাধ্যমে পাওয়া যায়। এ সমস্ত অভিযোগের মধ্যে মোট ৭টি অভিযোগ নিস্পত্তি করা হয়েছে। অত্র কমিটির সভাপতি জনাব মোঃ বাদশা আলমগীর জানান তথ্য ও অভিযোগ প্রতিকার সেল গঠন ও কার্যকর রাখার ফলে পৌরসভা ও পৌর নাগরিক এর মধ্যে একটি সম্পর্ক তৈরি হয়েছে যাতে করে সাধারণ মানুষ বুঝতে শিখেছে যে, পৌরসভা আসলেই একটি নাগরিক সেবাদানকারী প্রতিষ্ঠান । শহর দরিদ্র জনগোষ্টীর প্রতিনিধি জনাব মোঃ আবু তালেব জানান এই অভিযোগ গুলি তাৎক্ষনিকভাবে নিস্পত্তি করা হচ্ছে বিধায় পৌরবাসীর মধ্যে নাগারক সন্তুষ্টি বিদ্যমান রয়েছে। | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে নিস্পত্তি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশল(বিদ্যুৎ) /কনজারভেন্সি ইন্সপেক্টর | |

## ক্ষেত্র-২ ঃ নগর পরিকল্পনা(Urban Planning)।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব তারিক রেজা জানান যে, গত সভায় আলোচনা হয়েছিল যে, UGIIP-III প্রকল্পের আওতায় প্রথম Phase এর কাজ শেষ হয়েছে এবং ২য় Phase এ মোট ৩১ টি প্রকল্প বাস্তবায়নের জন্য ঠিকাদার নির্বাচন করা হয়েছে। তন্মধ্যে ২৫টি PDP হতে প্রকল্প গ্রহন করা হয়েছে এবং বাকী ৬ টি প্রকল্প TLCC সভায় অনুমোদন পুর্বক গ্রহন করা হয়েছে। বর্তমানে ২৮ টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। বাকী কাজগুলো নিদিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করা হবে। উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ হামিদুর রহমান ও | যথা সময়ে কাজ সমাপ্ত করার ও সম্মানীত কাউন্সিলর গনের প্রস্তাবে UGIIP-III প্রকল্পের আওতায় প্রকল্পগুলির উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাব গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | জানান যে,এ্ ডি বি ও রাজস্ব অর্থায়নে জন্য কিছু প্রকল্প নেওয়া হয়েছে যা টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে । গত সভায় উত্থাপিত জনাবা নার্গিস ফারহানা ৪ নং ওয়ার্ডের হাড়োয়া ঢাকাইয়া পাড়া নতুন রাস্তা নির্মানের জন্য ,নাগরিক সমাজ প্রতিনিধি জনাব মোঃ খয়রাত হোসেন শাহ্ কশাইখানা ও শিশুপার্ক নির্মানের যে প্রস্তাব করেছিলেন তা বাস্তবায়নের জন্য ইতিমধ্যে প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়েছে। যথা শিঘ্রই কাজ শুরুর প্রক্রিয়া চলমান রয়েছে। | | | |
| খ) | উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | জনাব মোঃ দুদু মিয়া সহকারী প্রকৌশলী সদস্য সচিব নগর পরিকল্পনা ইউনিট জানান যে, নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈ-মাসিক সভা গত ২০/১২/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয় এবং সভার কার্য-বিবরণী সদস্য ও PMO তে প্রেরন করা হয়েছে। অক্টোবর-ডিসেম্বর/১৮ইং মাসে ৩৬ টি নকশা অনুমোদনের জন্য জমা হয় তন্মধ্যে পুর্বের জমাকৃত নকশাসহ ৩৪ টি নকশা অনুমোদন দেওয়া হয়েছে। শহর দরিদ্র জনগোষ্টির প্রতিনিধি জনাবা নার্গিস ফারহানা বলেন এখনো অনেক মানুষ সচেতনার অভাবে রাস্তার পার্শ্বে বাড়ী নির্মান ও বাড়ী নির্মানের সামগ্রী রাস্তার মধ্যে রেখে বাড়ীর কাজ করেন ফলে যাতায়তের সমম্যা সৃষ্টি হয় এ বিষয়ে সংশ্লিষ্ট কমিটিকে এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও তদারকী করার অহবান করেন। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী | |
| গ) | বাজেট বরাদ্দসহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন | উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ হামিদুর রহমান জানান ২০১৮-২০১৯ অর্থবছরে O&M খাতে ৫৪,৭৫,০০০/- বরাদ্দ রাখা রয়েছে। বরাদ্দ অনুয়ায়ী বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। চলতি কোয়ার্টারে ৩৪,৯৬,৭৯৭/-টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৩৮,৭৪,৭৪৭.০০ টাকা। তিনি আরোও জানান যে ভবিষ্যতে এ খাতে পৌরসভার বাজেট দ্বিগুন করা অত্যবশ্যকীয়। এ বিষয়ে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। মেয়র মহোদয় তাকে জানান যে, অত্র প্রকল্পের কাজ বাস্তবায়নের ফলে এ বিষয়টি তিনিও উপলব্ধি করেছেন, ভবিষ্যতে O&M খাতে ১ কোটি টাকা বরাদ্দ রাখা হবে। | ২০১৮-১৯ অর্থ বছরে O&M খাতে বরাদ্দ অনুয়ায়ী যথাসময় ব্যয় করার গৃহীত হয়। | নির্বাহী/সহকারী প্রকৌশলী | |

## ক্ষেত্র-৩ ঃ নারী ও শহুরে জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তি করণ (Equity and Inclusiveness of Women and Urban Poor) ।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | জেন্ডার কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুয়ায়ী) গঠণ ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোছাঃ নূরজাহান বেগম কাউন্সিলর ওয়ার্ড নং ৭,৮ ৯ বলেন জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে অক্টোবর-ডিসেম্বর/১৮ইং ত্রৈমাসিকে নারীদের সচেতনতা বৃদ্ধির জন্য ৯টি ওয়ার্ডে ১৮টি উঠান বৈঠক করা হয়েছে।<br>তিনি আরও জানান ২০১৮-২০১৯ অর্থবছরে GAP খাতে ১৩,৭৮,৮৮৫ টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা GAP বাস্তবায়নের লক্ষে বাষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে অসহায় দরিদ্র নারীদের মাঝে চিকিৎসা/বিবাহ ও বই/ফরম পুরন বাবদ ৬,০০০/-টাকা অনুদান, স্কুল/কলেজগামী ও সেলাইপ্রশিক্ষন প্রাপ্ত অসহায় দরিদ্রনারীদের মাঝে বাই-সাইকেল ও সেলাইমেশিন প্রদানের লক্ষে ৪,৮৪,২০০/- | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী যথাসময়ে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটির সদস্য সচিব | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ২০০৯ এর ৫৫ ধারা) | ব্যয় করা হয়েছে। মোট ব্যয় হয়েছে ৪,৯০,২০০/-টাকা। জুলাই-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৪,৯৯,২০০ টাকা। ব্যয়ের হার ৩৬% | | | |
| খ) | দারিদ্র হ্রাসের কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠণ ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ কলিম উদ্দিন ওয়ার্ড নং ৮ জানান ২০১৮-২০১৯ অর্থবছরে PRAP খাতে ২২,২৩,৯৪০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা PRAP বাস্তবায়নের লক্ষে বার্ষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সহযোগী সদস্য জনাব এস এম মোরশেদুল ইসলাম জানান ২৫/১০/১৮,২৬/১১/১৮,ও ১৯/১২/১৮ ইং তারিখে দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করার কাজ চলমান আছে।<br>পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে অসহায় দরিদ্র নারীদের মাঝে চিকিৎসা/বিবাহ ও বই/ফরম পুরন বাবদ ৪১,০০০/-টাকা।অসহায় দরিদ্র পুরুষ ব্যক্তিদের মাঝে রিক্সা/ভ্যান ক্রয়পুর্বক বিতরন বাবদ ৭,৬৫,০০০/-টাকা মোট ব্যয় হয়েছে ৮,০৬,০০০/-টাকা। জুলাই-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৮,৪৫,৮০০ টাকা। ব্যয়ের হার ৩৮%। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বার্ষিক কর্মপরিল্পনা অনুযায়ী যথাসময়ে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটির সদস্য সচিব | |
| গ) | বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠণ | অত্র বস্তি সমূহে ২৮টি প্রাথমিক দল (Primary Group-PG) গঠন ও ৫টি বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) গঠন, সভার কাজ ও কমিউনিটি এ্যাকশন প্লান(ক্যাপ) প্রস্তুত এর কাজ শেষ হয়েছে এবং প্রতিটি বস্তি উন্নয়ন কমিটির ব্যাংক হিসাব খোলা হয়েছে । উক্ত ২৮টি প্রাথমিক দল (Primary Group-PG) ও ৫টি বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে এবং PMO- তে প্রেরণ করা হয়েছে। | প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ৫টি বস্তি সমূহে প্রাইমারী দল ও বস্তি উন্নয়ন কমিটির মাসিক সভা চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | বস্তি উন্নয়ন কর্মকর্তা/ সদস্য সচিব | |

**ক্ষেত্র-৪ ঃ স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি**(Enhancement of Local Resource Mobilization) ।

।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | |
| ক) | হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে মোট হোল্ডিং সংখ্যা সরকারী ৫৯ টি ও বেসরকারী হোল্ডিং সংখ্যা ৮৮১৪ টি মোট ৮৮৭৩ টি যাহার বিপরীতে চলতি সরকারী পৌরকর ১,৪৬,৫৩,৫২৭.০০ ও চলতি বেসরকারী পৌরকর দাবী ৭৫,৭৩,৯৫৯.০০ টাকা সর্বমোট দাবী ২,২২,২৭,৪৮৬.০০ টাকা এবং বকেয়া পৌরকর ১৭,৪১,৫৭৬.০০ টাকা সর্বমোট বাৎসরিক দাবী ২,৩৯,৬৯,০৬২.০০ টাকা । চলতি কোয়াটারে অন্তবর্তীকালীন বেসরকারী ২৩টি হোল্ডিং বাবদ ১১,৭৫০/ টাকা এ্যাসেমেন্ট করা হয়। অক্টোবর-ডিসেম্বর/১৮ কোয়াটারে ৭৫,৩৯,১২২/- টাকা এবং জুলাই-ডিসেম্বর/১৮ পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ১,১৪,৪৯,৫৯৫.০০ টাকা, আদায় হয়েছে আদায়ের হার ৪৮%। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা জবেদা আক্তার জবা বলেন পৌরকর আদায় পুর্বের তুলনায় সামান্য বৃদ্ধি পেয়েছে তবে | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বার্ষিক কর্মপরিল্পনা অনুযায়ী যথাসময়ে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | এ্যাসেসর (ভারঃ) ও কর আদায়কারী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | আরও বাড়ানোর জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়ার জন্য সুপারিশ করেন। | | | |
| খ) | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতিত) | সভায় জনাব মোঃ মশিউর রহমান সচিব অবহিত করেন যে, চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে মোট নিজস্ব অন্যান্য উৎস খাতের দাবী ২,৯১,২৫,৪৬৫/-টাকা । অক্টোবর-ডিসেম্বর/১৮ কোয়াটারে ৪৩,৬৪,৮৯৩/- টাকা এবং জুলাই-ডিসেম্বর/১৮ পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ১,০৪,৫৮,৪৯৫/- টাকা আদায় হয়েছে আদায়ের হার ৩৬%। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বাষিক কর্মপরিল্পনা অনুযায়ী যথাসময়ে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/<br>হিসাব রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| গ) | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তনএবংকম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিলের যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে বিল প্রস্তুত করে গ্রাহকগণের নিকট বিল প্রদান করা হচ্ছে; যা গ্রাহকগণকে ব্যাংকের মাধ্যমে বিল পরিশোধ করছেন। চলতি কোয়ার্টারে গ্রাহকগণের নিকট মোট ৬,৪৫১ টি বিল প্রদান করা হয়েছে। | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | কর আদায়কারী | |
| ঘ) | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | পানিশাখার বিলক্লাক জনাব দুলাল চন্দ্র রায় জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে চলতি পানি বিলের দাবী ১৪,৯৯,৪০০/- টাকা ও বকেয়া দাবী ২,২২,৯৫২/- টাকা মোট পানির বিল দাবী ১৭,২২,৩৫২/- টাকা, অক্টোবর-ডিসেম্বর/১৮ কোয়াটারে ৫,৯৩,৭৫০/- টাকা এবং জুলাই-ডিসেম্বর/১৮ পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ৭,৯০,২৩০/- টাকা আদায় হয়েছে আদায়ের হার ৮১%। কম্পিউটারের মাধ্যমে পানির বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম অব্যাহত আছে। পানির বিল আদায় কার্যক্রম আরো জোরদার করার জন্য ইতোমধ্যে মাইকিং এবং পানির বিল খেলাপীদের নোটিশ প্রদানসহ খেলাপীদের লাইন বিচ্ছিন্ন করা হচ্ছে। | কম্পিউটারের মাধ্যমে পানির বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী/ বিল ক্লার্ক | |

**ক্ষেত্র-৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা(Financial Management, Accountability and Sustainability)**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ আফজালূল হক ক্যাশিয়ার অবহিত করেন গত ১২/০৪/২০১৮ ইং তারিখে অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত ও ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রণয়ন করে,জনসাধারনের মতামতের জন্য ১৫/০৪/২০১৮ইং তারিখে নোটিশ বোর্ডে স্থাপন, ২৮/০৫/২০১৮ইং বিশেষ TLCC-সভায় আলোচনা,সুপারিশ ও ২৮/০৫/২০১৮ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকা বিশেষ পৌর পরিষদের সভায় চুড়ান্ত অনুমোদন হয়। গত ১৮/০৬/২০১৮ ইং তারিখে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তন নীলফামারীতে জনপ্রতিনিধিদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করে সুশাসন প্রতিষ্ঠায় ২০১৮-২০১৯ ইং অর্থ বছরের বাজেট উন্মুক্তভাবে ঘোষনা,জনগনের মুখোমুখি পৌরপরিষদ অনুষ্ঠান অনষ্ঠিত হয় ও স্থানীয় ক্যাবল নেটওয়াক চ্যানেলে সরাসরি সম্প্রচার করা হয়। পৌরসভার উন্নয়ন, সেবা সংক্রান্ত সমস্যা ও সম্ভাবনা, জনপ্রতিনিধিবৃন্দের প্রতিশ্রুতি, পৌরবাসীর অধিকার,দায়িত্ব,কর্তব্য ইত্যাদি বিষয়ে মতামত ও সুপারিশ নিয়ে | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে আগামী ২০১৯-২০২০ অর্থ বছরের খসড়া বাজেট প্রণয়ন,জনসাধারনের মতামতের জন্য নোটিশ বোর্ডে স্থাপন,বিশেষ TLCC-সভায় অনুমোদনও পৌর পরিষদেসভায় চুড়ান্ত অনুমোদন সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি/সচিব/<br>হিসাব রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | সরাসরি ও মোবাইল ফোনের মাধ্যমে প্রশ্ন করেন এবং মেয়র মহোদয় উত্তর দেন । ২০১৮-২০১৯ ইং অর্থ বছরের বাজেটে চুড়ান্ত অনুমোদনের জন্য নিয়ামক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। | | | |
| খ) | অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ আফজালূল হক ক্যাশিয়ার জানান স্মারক নং এলজিইডি/পিডি/ UGIIP-III /এফ-১৭/২০১৫/১৬৬৭(৩৬) তারিখ ২১/০৬/২০১৮ইং পত্রের নির্দেশনা অনুযায়ী স্মারক নং ঃ নীলঃপৌঃসভা/রিপোট/২০১৭-২০১৮/২২০ তারিখ ঃ ৩০/০৬/২০১৮ইং মোতাবেক পৌরসভা অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি কর্তৃক অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করে গত ৩০/০৯/২০১৮ ইং তারিখে নিরীক্ষার প্রতিবেদন জমা প্রদান করার জন্য পত্র ইস্যু করা হয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি কর্তৃক অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করে ২৪/০৯/২০১৮ই ং তারিখে জমা প্রদান করেছেন। | চলতি ২০১৭-২০১৮ অর্থ বছর আয়-ব্যয় হিসাব অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করে P M O তে প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি, অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি/ হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| গ) | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে প্রতি মাসে পূর্ববর্তী মাসের আয়-ব্যয়ের হিসাব সমূহ প্রিন্ট অন্তে মেয়র মহোদয় বরাবরে উপস্থাপন করা হয়। | প্রক্রিয়া চলমান রাখতে হবে। | হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ঘ) | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | সভায় জনাব মোঃ এ বি এম গোলাম মোস্তফা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান বিদ্যুৎ বিল জুন/২০১৮ পর্যন্ত বকেয়া নাই। চলতি অক্টোবর-ডিসেম্বর/১৮ কোয়াটারে ৩,৭৯,২০২/- টাকার বিল পাওয়া গেছে। উক্ত টাকা ও পুর্বের কোয়ার্টারের টাকাসহ সম্পুর্ন বিলের টাকা পরিশোধ করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/১৮ পর্যন্ত সর্বমোট পরিশোধিত বিলের টাকার পরিমান ৮,৩০,১৪০/-টাকা । পরিশোধের হার ১০০%। পেশাজিবি প্রতিনিধি জনাব মোঃ মমতাজ উদ্দিন আহমোদ বিদ্যৎ ও টেলিফোন বিল শতভাগ পরিশোধ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>টেলিফোন বিল জুন/২০১৮ পর্যন্ত বকেয়া নাই, । চলতি অক্টোবর-ডিসেম্বর/১৮ কোয়াটারে ৩,৭৬৩/- টাকার বিল পাওয়া গেছে। উক্ত টাকা ও পুর্বের কোয়ার্টারের টাকাসহ সম্পুন বিলের টাকা পরিশোধ করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/১৮ পর্যন্ত সর্বমোট পরিশোধিত বিলের টাকার পরিমান ৮,০৫৬/-টাকা । পরিশোধের হার ১০০%। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বিদ্যুৎ ও টেলিফোন বিল যথাসময়ে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ঙ) | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | জনাব মোঃ মেজবাহুনুর লুলু ভান্ডার রক্ষক জানান সকল স্থায়ী সম্পদের তালিকা নিয়মিত হালনাগাদ করে পৌরসভার রেজিষ্টারে লিপিবদ্ধ করা হচ্ছে। সফটওয়্যারের মাধ্যমে স্থায়ী সম্পদ সমূহ কম্পিউটারে ১০০% এন্ট্রি করা হয়েছে এবং আগামীতে সকল স্থায়ী সম্পদের হিসাব-নিকাশ কম্পিউটারের মাধ্যমে করার জন্য আলোচনা হয়। স্থায়ী সম্পদের অবচয়ের জন্য পৃথক ব্যাংক হিসাব খোলা হয়েছে যাহার হিসাব নং এস টি ডি-৭৩ উত্তরা ব্যাংক লিঃ নীলফামারী শাখা, নীলফামারী। স্থায়ী সম্পদের অবচয়ের জন্য পৃথক ব্যাংক হিসাবে জমাকৃত টাকার পরিমান ২,২৭,৮৯৫/-টাকা। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামীতে এ ধারা অব্যাহৃত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | প্রধান সহকারী/ হিসাব রক্ষক/ভান্ডার রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| চ) | সকল সরকারি ঋণ পরিশোধ | সভায় জনাব মোঃ এ বি এম গোলাম মোস্তফা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান BMDF এর ঋনের কিস্তি জুন/২০১৮ পর্যন্ত বকেয়া নাই, জুলাই-ডিসেম্বর/১৮ কোয়াটারে ০২ কিস্তি বাবদ | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে BMDF এর ঋনের কিস্তি যথাসময়ে | সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ৬,৭৬,৩৬৫/-টাকা পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১০০%। | পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

## ক্ষেত্র-৬ ঃ প্রশাসনিক স্বচ্ছতা ।(Administrative Transparency)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | স্থায়ী কমিটি গঠণ ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান মাসিক ভিত্তিতে পর্যায়ক্রমে ১৪টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে। উক্ত সভার আলোচনা, সুপারিশ ও সিদ্ধান্ত সমুহ পর্যালোচনা করা হয় এবং তা বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য TLCC ও পৌর পরিষদের সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| খ) | সকল প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ সহায়তা প্রদান নিশ্চিতকরণ | সভায় অবহিত করা হয় যে, পৌরসভা কর্তৃক পৌরসভার সকল কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও, সকল প্রশিক্ষণ কর্মসূচীতে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করা হয় এবং পৌরসভার সকল কমর্কতা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে ২০১৮-১৯ অর্থ বছরে ১,৫০,০০০/- বাজেট রাখা হয়েছে। বাজেট পরিল্পনা অনুযায়ী চলতি কোয়াটারে ১৪,০০০/- টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ২৪,১৮৪/-টাকা | আগামীতে এ ধারা অব্যাহৃত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | মেয়র/ সচিব | |
| গ) | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/ IIT ব্যবহার | পৌরসভার ওয়েব সাইটে তথ্য আপলোডের কার্যক্রম অব্যাহত আছে এবং সিটিজেন চার্টারসহ অন্যান্য নাগরিক সুবিধার জন্য তথ্যাদি প্রদর্শন করা হচ্ছে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী | |

## ক্ষেত্র-৭ ঃ পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | T L C C সম্মানীত সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা জবেদা আক্তার জবা,এনজিও প্রতিনিধি, পেশাজিবি প্রতিনিধি জনাব ডাঃ মোস্তাফিজুর রহমান সবুজ ও নাগরিক সমাজের প্রতিনিধি হাছিনা ইসলামা লাকীদ্বয় বলেন ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার জন্য আরো কিছু ডাষ্টবিন স্থাপন করা প্রয়োজন ও অনেকে ময়লা আবর্জনা ডাষ্টবিনে না ফেলে আশে-পার্শ্বে/ড্রেনে ফেলেন। পেশাজিবি প্রতিনিধি জনাব মোঃ মমতাজ উদ্দিন আহমোদ বলেন নীলফামারী পৌরসভা পুবের তুলনায় অনেক পরিচ্ছন্ন তবে ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার জন্য সচেতনামুলক র‍্যালি/মাইকিং করার মরামর্শ দেন। TLCC র সন্তুষ্টির মাত্রা ৭০%জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান | গত সভার সিদ্ধান্ত মোতাবেক নতুনভাবে ৩৫টি ঢাকনা ওয়ালা স্টিলের ডাস্টবিন স্থাপন করা হয়েছে। | স্যানিটারী ইন্সপেক্টর/ কঞ্জারভেন্সি ইন্সপেক্টর | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২০১৮-২০১৯ অর্থ বছরে বর্জ্য সংগ্রহ, অপসারণ, কর্মচারী বেতন,জ্বালানী ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ৩২,৪০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরে কার্যক্রমে কর্ম পরিকল্পনা করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী অনুযায়ী চলতি কোয়ার্টারে ৮,১২,৭৭৫/- টাকা ব্যয় হয়েছে এবং জুলাই-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ১৪,৫১,২৬৫ টাকা। ব্যয়ের হার ৪৫% | | | |
| খ) | ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান ২০১৮-২০১৯ অর্থ বছরে ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ কর্মচারী বেতন,জ্বালানী ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ৩৭,৬০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরে কার্যক্রমে কর্ম পরিকল্পনা করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী চলতি কোয়ার্টারে ৯,১২,৯৫৮/- টাকা ব্যয় হয়েছে এবং জুলাই-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ১৫,৭৩,৯৫৮ টাকা। ব্যয়ের হার ৪২% ।<br>T L C C সম্মানীত সদস্য পেশাজিবি প্রতিনিধি জনাব ডাঃ মোস্তাফিজুর রহমান সবুজ জানান শহরের অনেক দোকানদার দোকানের ঝার দেওয়া ময়লা আবর্জনা ড্রেনে ফেলেন এবিষয়ে পদক্ষেপ নেওয়া প্রয়োজান। সম্মানীত সদস্যে প্রস্তাবের প্রেক্ষিতে উপস্থিত অন্যান্য সদস্য একই মত ব্যক্ত করেন।TLCC র সন্তুষ্টির মাত্রা ৬৮% | গত সভার সিদ্ধান্ত মোতাবেক ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ এর জন্য চুক্তিভিত্তিক লোকবল নিয়োগের প্রক্রিয়া চলমান রয়েছে। | সহকারী প্রকৌশলী/ স্যানিটারী ইন্সপেক্টর | |
| গ) | সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | জনাব মোঃ মশিউর রহমান সচিব জানান ২০১৮-২০১৯ অর্থবছরে সড়ক বাতি কার্যকর রাখার জন্য বিদ্যুৎ বিল,বৈদ্যুতিক দ্রবাদি ক্রয় ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ১৭,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। সড়ক বাতি কার্যক্রমে এক বছরের কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী চলতি কোয়ার্টারে ৩,৮৯,৩০৬/- টাকা ব্যয় হয়েছে এবং জুলাই-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৪,৯৫,৬৭৬/- টাকা। ব্যয়ের হার ২৯% ।<br>T L C C সম্মানীত সদস্য জনাবা সেলিনা চৌধুরী নাগরিক সমাজের প্রতিনিধি বলেন যে পৌরসভার বিভিন্ন রাস্তার বিদ্যুৎ পোলে অনেক সড়ক বাতি নষ্ট হয়েছে ফলে অন্ধকারে লোকজনের যাতায়াতে সমস্যা সৃষ্টি হওয়ায় সড়কবাতি প্রতিস্থাপনের বিষয়ে প্রস্তাব করেন।TLCC র সন্তুষ্টির মাত্রা ৭০% | জরুরী ভিত্তিতে সড়ক বাতি প্রতিস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপ-সহকারী প্রকৌশলী(কিদ্যুৎ)/বাতি পরিদর্শক/বিদ্যুৎ মিস্ত্রি | |
| ঘ) | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠণ এবং কার্যকরি করণ | সভায় জনাব মোঃ হামিদুর রহমান উপ-সহকারী প্রকৌশলী জানান ২০১৮-২০১৯ অর্থবছরে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠণ এবং কার্যকর বাবদ ৩,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team কার্যক্রমে এক বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী চলতি কোয়ার্টারে ১,২৫,৪৯০/- টাকা ব্যয় হয়েছে এবং জুলাই-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ১,৫০,৪৯০/- টাকা। ব্যয়ের হার ৪৩% ।<br>T L C C সম্মানীত সদস্য জনাব মোঃ ঈসা আলী,জনাব মো জাফর সাদেক কাউন্সিলল | উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | জানান শহরের কিছু সরু রাস্তায় ভাড়ী যান/ট্র্যাকটর টলি যাতায়তের কারনে কিছু কিছু জায়গায় রাস্তা নষ্ট হয়ে গিয়াছে । জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। সম্মানিত মেয়র মহোদয় নষ্ট রাস্তা মেরামতের জন্য নির্বাহী প্রকৌশলীকে জানান। TLCCর সন্তুষ্টির মাত্রা ৬৮% | | | |
| ৬) | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা | সভায় জনাব মোঃ মর্তুজ আলী স্যানিটারী ইন্সপেক্টর জানান ২০১৮-২০১৯ অর্থ বছরে স্যানিটেশন কার্যক্রমের বাবদ ২,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনায় এক বছরের কর্ম পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে ৯,০০০/- টাকা ব্যয় হয়েছে এবং জুলাই-ডিসেম্বর/২০১৮ পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ১৯,৮০০/- টাকা। ব্যয়ের হার ৮% ।<br>T L C C সম্মানীত সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা শিউলি ভৌমিক বলেন গাছবাড়ী বাসষ্টান্ডে নারী বান্ধব পাবলিক টয়লেট স্থাপন করা প্রয়োজন।<br>TLCCর সন্তুষ্টির মাত্রা ৬২% | উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে স্যানিটেশন কার্যক্রমের প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত। | সহকারী প্রকৌশলী/ স্যানিটারী ইন্সপেক্টর | |

**বিবিধ ঃ (১) মশক নিধন** ঃ নাগরিক সমাজের প্রতিনিধি সম্মানিত সদস্যা জনাবা শামীমা বেগম সভায় জানান যে, পৌরসভায় মশার উপদ্রব বেড়ে গেছে এবং মশকবাহিত রোগ জীবাণু দেখা দিয়েছে। তাই ডোবা, মজা পুকুর, ময়লা-আবর্জনায়ুক্ত ড্রেন ইত্যাদি পরিস্কার অভিযান পরিচালনাসহ মশক নিধন কার্যক্রম শুরু করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন। সভাপতি মহোদয় তাৎক্ষণিকভাবে পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের ডোবা, মজাপুকুর, ড্রেন ইত্যাদি পরিস্কারসহ মশক নিধন কার্যক্রম পরিচালনার নির্দেশ দেন।

**(২) ঝুলানো পোষ্টার ও ব্যানার অপসারণ প্রসংগে** ঃ সম্মানিত সদস্য জনাব মোঃ ঈসা আলী কাউন্সিলর জানান পৌরসভার বিভিন্ন রাস্তা উপর ঝুলানো ব্যানার/পোষ্টার লটকানো ও ওয়ালে লাগানো আছে যা পৌরসভার সৌন্দর্য বিঘ্নিত হচ্ছে তাই নির্বাচন পরবর্তী জরুরী ভিত্তিতে অপসারনের আহ্বান জানান। সভাপতি সভায় অবহিত করেন যে, তাই নির্বাচন পরবর্তী জরুরী কার্যক্রম পরিচালনা করা হবে।

সম্মানীত মেয়র মহোদয় প্রতিটি সদস্যের বিভিন্ন দাবী ও পরামর্শ মনোযোগ সহকারে শুনে তাৎক্ষনিক সমাধানের আশ্বাস প্রদান করেন এবং যেগুলি বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে সে গুলির ব্যাপারে টিএলসিসি সদস্যদের অবহিত করেন।

অত:পর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত TLCC’র সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মশিউর রহমান)
সদস্য সচিব(TLCC)
নীলফামারী **পৌরসভা**

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**

সম্মারক নং- নীঃ পৌঃ সভা/সাধা-নথি/২০১৮-১৯/ তারিখঃ- ২৪/১২/২০১৮ ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্প, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। টিম লিডার, জিআইসিডি, GICD , UGIIP-III, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। জনাব/বেগম.........................................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), নীলফামারী **পৌরসভা**

৫। অফিস নথি।

(মোঃ মশিউর রহমান)
সদস্য সচিব(TLCC)
নীলফামারী **পৌরসভা**

(দেওয়ান কামাল আহমেদ)
মেয়র
নীলফামারী **পৌরসভা**